

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৯৬. ভ্রাতৃত্বের অধিকার

আপনার মুসলিম ভাইয়ের সাথে সাক্ষাৎকালে তার প্রিয় নামে তাকে ডাকুন এবং হাসিমুখে তাকে সালাম দিন।

تبسمك في وجه أخيك صدقة

"আপনার ভাইয়ের সামনে আপনার হাসিমুখ সদকাতুল্য।"

আপনার সাথে কথা বলতে তাকে উৎসাহ দিন অর্থাৎ তার সম্বন্ধে ও তার জীবন সম্বন্ধে কথা বলতে তাকে সুযোগ দিন। তাকে তার অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করুন, তবে শুধুমাত্র সেসব বিষয় সম্বন্ধেই জিজ্ঞাসা করুন যেগুলো তাকে অপ্রস্তুত ও অপ্রভিত করবে না।

من لم يهتم بأمر المسلمين فليس منهم

"যে ব্যক্তি মুসলমানদের ব্যাপারে চিন্তা-ভাবনা করেন না বা খোঁজ-খবর নেয় না সে তাদের দলভুক্ত নয়। (মুসলমান নয়)

وَالْمُوْمِنُونَ وَالْمُوْمِنَاتُ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضِ

"মু'মিন নর-নারীরা একে অপরের বন্ধু, সাহায্যকারী, রক্ষাকারী ও অভিভাবক।"

তাকে তিরস্কার বা গালি দিবেন না বা অতীত ভুলের খোটা দিবেন না এবং তাকে নিয়ে তামাসা করে তাকে কষ্ট দিবেন না।

لا تمار أخاك ولا تمازحه ولا تعده موعدا فتخلفه

"আপনার ভাইয়ের সাথে তর্ক করবেন না, তাকে নিয়ে তামাসা করবেন না এবং তাকে ওয়াদা দিয়ে তা ভঙ্গ করবেন না।"

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7704

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন